122

দৈনিক সংবাদ

তারিখ 11 JUL 1995
পৃষ্ঠা ৯ কলাম ৫

# এসএসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে বগুড়ায় ছাত্রদের হামলা ও ভাঙচুর

বগুড়া, ১০ই জুলাই (জেলা বার্তা পরিবেশক)।– '৯৬ সালে অনুষ্ঠিতব্য এস-এসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে গত রোববার একদল ছাত্র বগুড়া শহরের বিভিন্ন স্থানে হামলা চালিয়ে বেশকিছু দোকান ও যানবাহন ভাঙচুর করে।

সকালে একদল উচ্ছৃংখল ছাত্র শহরে মিছিল বের করার পর শহরের দত্তবাড়ী এলাকায় কয়েকটি বেবিট্যাক্সি ভাঙচুর করে। বিকেলে একই দাবিতে আরো একদল ছাত্র বিক্ষোভ করার সময় নবাববাড়ী সড়কে একটি সোনার দোকান ভাঙচুর করে। বিক্ষোভকারীরা পরে আরো কয়েকটি দোকানে হামলা চালায়। অপরদিকে বেবিট্যাক্সি ভাঙচুরের প্রতিবাদে বেবিট্যাক্সি মালিকরা একটি বিক্ষোভ মিছিল বের করে শহরের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে।